# মূল বইয়ের অতিরিক্ত অংশ

# দ্বিতীয় অধ্যায়: অর্থনীতির গুরুত্বপূর্ণ ধারণাসমূহ

## পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶ ১** শামীমা তার দুই ছেলে ও দুই মেয়ের লালন-পালন ও পারিবারিক যাবতীয় কাজ দেখাশোনা করত। তার স্বামী একটি কারখানায় কাজ করত। স্বামীর আকস্মিক মৃত্যুর পর শামীমা আর্থিক সংকট দূর করার জন্য উক্ত কারখানায় কাজে যোগদান করে। ◀ *শিখনফল-১০*

ক. বিনিয়োগ কী? ১

খ. সঞ্চয় বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. শামীমা প্রাথমিক পর্যায়ে যে সকল কাজ করত, সেগুলো কোন ধরনের কার্যাবলির অন্তর্ভুক্ত ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প অনুযায়ী শামীমার পরবর্তী কাজটিই "অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল প্রেরণা" উক্তিটির যথার্থতা প্রমাণ করে মতামত দাও। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** সঞ্চিত অর্থ যখন উৎপাদন কাজে ব্যবহৃত হয় তখন তাকে বিনিয়োগ বলে।

**খ** আয়ের যে অংশ বর্তমানে ভোগ না করে ভবিষ্যতের জন্য রাখা হয় তাকে সঞ্চয় বলে।

ধরি, একজন ব্যক্তি এক মাসে দশ হাজার টাকা বেতন পান। নয় হাজার টাকা তিনি পরিবারের জন্যে ব্যয় করেন। এখানে তিনি এক হাজার টাকা সঞ্চয় করেন। সঞ্চয়ের এ ধারণাটি সমীকরণ দিয়ে বুঝানো যায়। যেমন: $S = Y - C$ [এখানে, $S$ = সঞ্চয়, $Y$ = আয়, $C$ = ভোগ ব্যয়] এ সঞ্চয় মূলত আয়ের ওপর নির্ভর করে।

**গ** শামীমা প্রাথমিক পর্যায়ে যে সকল কাজ করত, সেগুলো অ-অর্থনৈতিক কার্যাবলির অন্তর্ভুক্ত। কারণ, তার প্রাথমিক পর্যায়ের কাজ দ্বারা কোনো অর্থ উপার্জিত হতো না।

যে সকল কর্মকাণ্ড মানুষের অভাব পূরণ করলেও অর্থ উপার্জনে কোনো ভূমিকা রাখে না, সে সকল কর্মকাণ্ডকে অ-অর্থনৈতিক কার্যাবলি বলে। যেমন— পিতামাতার সন্তান লালন-পালন, শখের বশে খেলাধুলা করা, ধার্মিক লোকের ধর্মচর্চা ইত্যাদি।

উদ্দীপকে লক্ষ করা যায়, স্বল্পশিক্ষিত শামীমা প্রাথমিক পর্যায়ে তার দুই ছেলে ও দুই মেয়ের লালন-পালন ও পারিবারিক যাবতীয় কাজ দেখাশোনা করত। শামীমার এই কাজগুলো পরিবারের বিভিন্ন প্রয়োজন বা অভাব পূরণ করলেও তা অর্থ উপার্জনে কোনো ভূমিকা রাখত না। কাজেই আমরা বলতে পারি, শামীমার প্রাথমিক পর্যায়ের কাজগুলো হচ্ছে অ-অর্থনৈতিক কার্যাবলি।

**ঘ** দৃশ্যকল্প অনুযায়ী শামীমার পরবর্তী কাজটি হলো কারখানায় চাকরি করা। যা অর্থনৈতিক কাজের মধ্যে পড়ে।

মানুষ জীবিকা নির্বাহের জন্য যে কাজ করে তাকে অর্থনৈতিক কার্যাবলি বলে। এসব কর্মকাণ্ডের মাধ্যমে মানুষ অর্থ উপার্জন করে এবং জীবনধারণের জন্য তা ব্যয় করে। যেমন, শ্রমিকেরা কলকারখানায় কাজ করে, কৃষকেরা জমিতে কাজ করে, শিল্পপতিরা প্রতিষ্ঠান পরিচালনা করে এগুলো হলো অর্থনৈতিক কাজ। মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল প্রেরণা হলো দ্রব্যসামগ্রীর অভাব পূরণ করা।

উদ্দীপকের শামীমার স্বামী জীবিত থাকতে তার স্বামীই অর্থনৈতিক কাজ করত। স্বামীর কারখানায় কাজের মাধ্যমে যা আয় হতো তা দিয়েই তাদের সংসার চলত। কিন্তু স্বামীর মৃত্যুর পর জীবিকার তাগিদে শামীমা কারখানায় যোগ দেয়। জীবিকার এ তাগিদই হলো সকল অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল প্রেরণা। জীবনধারণের জন্য মানুষের যে সম্পদের প্রয়োজন হয় অর্থনৈতিক কর্মকাণ্ডের মাধ্যমে মানুষ ঐ সম্পদ উপার্জনের চেষ্টা করে।

দৃশ্যকল্পের শেষ অংশে বর্ণিত শামীমার কাজটি অর্থনৈতিক কাজ। আর এ ধরনের কাজ থেকে অর্থপ্রাপ্তি মূলত ব্যক্তিকে অর্থনৈতিক কাজে যুক্ত হতে প্রেরণা যোগায়। সুতরাং প্রশ্নকর্তার উক্তিটি যথার্থ বলে প্রমাণিত হয়।

**প্রশ্ন ▶ ২** মন্তাজ আলীর একটি মাছ ধরার ট্রলার আছে। গভীর সমুদ্রের উত্তাল জলরাশিতে তিনি দিনের পর দিন মাছ ধরে বেড়ান। কখনো এক সপ্তাহ, কখনো দুই সপ্তাহ, কখনো এক মাস পর বাড়ি ফেরেন। দেশের অর্থনৈতিক উন্নয়নকে গতিশীল করতে তার ভূমিকা হয়তো তার জানাও নেই। ◀ *শিখনফল-৪ ও ৫*

ক. দ্রব্য বলতে আমরা সাধারণত কোন ধরনের সম্পদকে বুঝি? ১

খ. অর্থনৈতিক কার্যাবলি বলতে কী বুঝায়? ২

গ. মন্তাজ আলী সাথে সংশ্লিষ্ট বস্তুগত সম্পদগুলোর দ্রব্যের প্রকৃতি পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৩

ঘ. মন্তাজ আলীর অর্থনৈতিক কাজের দ্বারা ইঙ্গিতকৃত সম্পদ দেশের অর্থনৈতিক উন্নয়নে কতটা ভূমিকা রাখতে পারে? মূল্যায়ন করো। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** দ্রব্য বলতে আমরা সাধারণত শুধু বস্তুগত সম্পদকে বুঝি।

**খ** মানুষ জীবিকা নির্বাহের জন্য অর্থের বিনিময়ে যে সব কাজ করে থাকে তাকে অর্থনৈতিক কার্যাবলি বলা হয়।

অর্থনৈতিক কর্মকাণ্ডের মাধ্যমে মানুষ অর্থ উপার্জন করে এবং জীবন ধারণের জন্য তা ব্যয় করে। যেমন- শ্রমিকেরা কল-কারখানায় কাজ করে, কৃষকরা জমিতে কাজ করে, ডাক্তাররা রোগীদের চিকিৎসা করে, শিল্পপতিরা শিল্পপ্রতিষ্ঠান পরিচালনা করে— এগুলো হলো অর্থনৈতিক কাজ যার বিনিময়ে অর্থ উপার্জিত হয়।

**গ** মন্তাজ আলী মাছ ধরার কাজে যেসব সম্পদগুলো ব্যবহার করেন তাদের দ্রব্যের প্রকৃতি নিচে বিশ্লেষণ করা হলো-

যেসব জিনিসের উপযোগ আছে অর্থনীতিতে তাই দ্রব্য। সেই হিসেবে দ্রব্যকে আবার অনেক শ্রেণিতে ভাগ করা যায়। উদ্দীপকে মন্তাজ আলীর মাছ ধরার উপকরণ ট্রলার হলো মূলধনী দ্রব্য। যে সমস্ত উৎপাদিত দ্রব্য উৎপাদনে সাহায্য করে তাকে মূলধনী দ্রব্য বলে। যেমন- যন্ত্রপাতি, কারখানা, গুদামঘর ইত্যাদি। মূলধন দ্রব্য বার বার উৎপাদন কাজে ব্যবহৃত হয়। মূলধনী দ্রব্য আবার মূলধনী দ্রব্য উৎপাদনেও ব্যবহৃত হয়। যেমন: মাছ ধরার ট্রলার শুধু একবার উৎপাদন কাজে ব্যবহৃত না হয়ে বার বার ব্যবহৃত হবে। সুতরাং এটি মূলধনী দ্রব্য।

অন্যদিকে সমুদ্রের উত্তাল জলরাশি হলো অবাধলভ্য দ্রব্য। যেসব দ্রব্য বিনামূল্যে পাওয়া যায় তাকে অবাধলভ্য দ্রব্য বলে। এসব দ্রব্য প্রকৃতিতে অবাধে পাওয়া যায় এবং এর যোগান থাকে সীমাহীন। যেমন- আলো, বাতাস, সমুদ্রের পানি, নদীর পানি ইত্যাদি। অতএব মন্তাজ আলীর সাথে সংশ্লিষ্ট বস্তুগত সম্পদগুলো দ্রব্যের প্রকৃতি অনুযায়ী বিভিন্ন ধরনের যা একটি মূলধনী এবং অন্যটি অবাধলভ্য দ্রব্য।

**ঘ** মন্তাজ আলীর অর্থনৈতিক কাজের দ্বারা ইঙ্গিতকৃত সম্পদ তথা মূলধনী এবং অবাধলভ্য দ্রব্য বা সম্পদ দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক অবদান রাখবে বলে আমি মনে করি।

মানুষ জীবিকা নির্বাহের জন্য যেসব কার্যাবলি পরিচালনা করে থাকে তাকে অর্থনৈতিক কার্যাবলি বলে। অর্থনৈতিক কর্মকাণ্ডের মাধ্যমে মানুষ অর্থ উপার্জন করে এবং জীবনধারণের জন্য তা ব্যয় করে। সাধারণত বস্তুগত সম্পদগুলোকে অর্থনৈতিক সম্পদও বলা হয়। যেমন- শ্রমিকেরা কল-কারখানায় কাজ করে, কৃষকরা জমিতে কাজ করে, ডাক্তার রোগীদের চিকিৎসা করে, শিল্পপতিরা শিল্প প্রতিষ্ঠান পরিচালনা করে এগুলো অর্থনৈতিক কাজ। মানুষের সকল অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল প্রেরণা হলো দ্রব্যসামগ্রীর অভাব পূরণ করা। এসব অর্থনৈতিক কাজের মাধ্যমে দেশের অর্থনীতির চাকা সচল হয় এবং দেশে নতুন নতুন বুনিয়াদ গঠিত হয়।

উদ্দীপকে মন্তাজ আলী মাছ ধরার ট্রলার দিয়ে সমুদ্রে মাছ ধরেন। তিনি মাছ ধরার মাধ্যমে নিজেদের কর্মসংস্থানের পাশাপাশি অন্যদের মাছের চাহিদাও পূরণ করছেন। সেজন্য মন্তাজ আলীর কাজকে অর্থনীতির ভাষায় অর্থনৈতিক কার্যাবলি হিসেবে গণ্য করা হয়। এখানে তার ট্রলার মূলধনী দ্রব্য হিসেবে বার বার উৎপাদন কাজে ব্যবহৃত হয়ে অর্থনৈতিক উন্নয়নে জোরদার ভূমিকা রাখছে।

অতএব মন্তাজ আলীর অর্থনৈতিক কাজের দ্বারা ইঙ্গিতকৃত সম্পদ বা মাছ ধরার ট্রলার দেশের অর্থনৈতিক উন্নয়নে অগ্রণী ভূমিকা রাখে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

### উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶৩** রহিমা একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে চাকরি করে। প্রতিমাসে সে যা বেতন পায় তা থেকে কিছু কিছু টাকা সে ব্যাংকে রেখে দেয়। তার স্বামীর একটি দর্জির দোকান আছে। দোকানের জন্যে আরও দুটি মেশিন কেনার সময় টাকার দরকার হলে রহিমা তার ব্যাংক থেকে টাকা তুলে স্বামীকে দেয়। ◀*শিখনফল-৯*

ক. আয় ও ভোগ ব্যয়ের মধ্যে পার্থক্য কী? ১
খ. ব্যক্তিগত সঞ্চয় কীসের ওপর নির্ভরশীল? ব্যাখ্যা করো। ২
গ. রহিমার ব্যাংকের টাকা স্বামী যে কাজে ব্যবহার করেন অর্থনীতির আলোকে সেটি ব্যাখ্যা করো। ৩
ঘ. সীমার বেতনের ক্ষুদ্র একটি অংশ ব্যাংকে রাখা কি দেশের অর্থনীতিতে কোনো অবদান রাখবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** আয় ও ভোগ ব্যয়ের মধ্যে পার্থক্য হলো সঞ্চয়।

**খ** ব্যক্তিগত সঞ্চয় বেশ কয়েকটি বিষয়ের ওপর নির্ভরশীল। এগুলো হলো- আয়ের পরিমাণ, পারিবারিক দায়িত্ববোধ, দূরদৃষ্টি, সামাজিক নিরাপত্তা, সুদের হার এবং বিনিয়োগ সুযোগ-সুবিধার ওপর। এছাড়া ব্যক্তি তার পারিবারিক দায়িত্ববোধ, সামাজিক নিরাপত্তা, ভবিষ্যতের অনিশ্চয়তা ইত্যাদি কারণে আয় কম হলেও কিছু কিছু সঞ্চয়ের চেষ্টা করে।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** অর্থনীতিতে বিনিয়োগের ধারণাটি ব্যাখ্যা করো।

**ঘ** অর্থনীতিতে সঞ্চয়ের ধারণাটি বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶৪** ভোলা জেলার শাহাবাজপুর কলেজের বেশ কিছু সম্পদ রয়েছে। যেমন— কয়েকটি বিল্ডিং, শিক্ষক ও ছাত্র পরিবহণে গাড়ি, মসজিদ, ছাত্রাবাসসহ শিক্ষকদের ডরমেটরি, পুকুর, গাছপালাসহ কিছু কৃষিজমি। কৃষিজমিতে ধান, গম, আলু, ইক্ষু, পাট প্রভৃতি কৃষিজ ফসল উৎপাদন করা হয়। এছাড়া, পুকুরে মাছ এবং পুকুর পাড়ে পল্ট্রি ফার্মও রয়েছে। এককথায় বলা যায়, এখানে সম্পদের সুষ্ঠু ব্যবহার করা হচ্ছে। কিন্তু বাংলাদেশের অনেক সম্পদ রয়েছে যা এখনও কোনো কাজে আসছে না। হয়তো ওইসব সম্পদ কাজে ব্যবহার করা হলে দেশের উন্নয়নে অবদান রাখতে পারত। ◀*শিখনফল-২*

ক. উৎপত্তির দৃষ্টিকোণ থেকে সম্পদকে কতভাগে ভাগ করা হয়? ১
খ. কৃষি সম্পদ সম্পর্কে ধারণা দাও। ২
গ. শাহাবাজপুর কলেজের সম্পদগুলো থেকে সমষ্টিক সম্পদগুলো আলাদা করে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. শাহাবাজপুর কলেজের সম্পদের আলোকে সামষ্টিক ও জাতীয় সম্পদের তুলনামূলক আলোচনা বিশ্লেষণ করো। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** উৎপত্তির দৃষ্টিকোণ থেকে সম্পদকে তিন ভাগে ভাগ করা হয়।

**খ** বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। এদেশের বিস্তৃত এলাকা জুড়ে রয়েছে পলি সমৃদ্ধ উর্বর কৃষিক্ষেত্র। আমাদের জমির উর্বরতা, অনুকূল আবহাওয়া, বৃষ্টিপাত, নদ-নদী প্রভৃতি কৃষি উৎপাদনের সহায়ক।

এ দেশে প্রায় ৯০,৯৯০ বর্গকিলোমিটার একর চাষযোগ্য কৃষিজমি রয়েছে। আমাদের কৃষিক্ষেত্রে ধান, গম, ডাল, আলু, তৈলবীজ, ফলমূল প্রভৃতি খাদ্যশস্য এবং পাট, ইক্ষু, চা, তামাক, রেশম প্রভৃতি অর্থকরী ফসল উৎপন্ন হয়। এ সবই আমাদের কৃষি সম্পদ।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** সমষ্টিগত সম্পদের ধরন ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করো।

**ঘ** মালিকানার ভিত্তিতে সম্পদের শ্রেণিবিভাগ আলোচনা করো।

**প্রশ্ন ▶৫** বাংলাদেশ খনিজ সম্পদে সমৃদ্ধ নয়। মোটামুটি এদেশ প্রাকৃতিক গ্যাসে অধিকতর সমৃদ্ধ। বাংলাদেশে বিদ্যমান সীমিত সম্পদের মধ্যে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার সর্বোচ্চ। প্রাকৃতিক গ্যাসের মজুদ উত্তোলন ও ব্যবহারের ওপর এদেশের অর্থনৈতিক ভবিষ্যৎ বহুলাংশে নির্ভরশীল। ◀*শিখনফল-৩*

ক. সঞ্চয়ের সূত্র লেখ। ১
খ. শক্তি সম্পদ বলতে কী বোঝায়? ২
গ. বাংলাদেশের মানচিত্র এঁকে সিলেট অঞ্চলের উদ্দীপকে উল্লেখিত প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রগুলো চিহ্নিত করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে প্রাকৃতিক গ্যাসের অর্থনৈতিক অবদান মূল্যায়ন করো। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** সঞ্চয়ের সূত্রটি হলো: $S = Y - C$ [এখানে, S = সঞ্চয়, Y = আয়, C = ভোগ ব্যয়]

**খ** যেসব সম্পদ থেকে বিদ্যুৎ ও তাপ উৎপাদিত হয় সেগুলোকে শক্তি সম্পদ বলে। কয়লা, খনিজ তেল, প্রাকৃতিক গ্যাস, পানি, আণবিক শক্তি, সৌরশক্তি এবং বিভিন্ন প্রকার জ্বালানিসামগ্রী হলো শক্তি সম্পদের উৎস। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে কৃষির আধুনিকীকরণ, শিল্পোন্নয়ন, পরিবহন ও যোগাযোগব্যবস্থার উন্নয়ন, খনিজ সম্পদ উত্তোলন ইত্যাদি ক্ষেত্রে শক্তি সম্পদের গুরুত্ব অপরিসীম।

***সুপার টিপস্:*** *প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** বাংলাদেশের মানচিত্র এঁকে সিলেট অঞ্চলের প্রাকৃতিক গ্যাসের ক্ষেত্রগুলো চিহ্নিত করো।

**ঘ** বাংলাদেশে প্রাকৃতিক গ্যাসের অর্থনৈতিক অবদান মূল্যায়ন করো।

## ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶ ৬** মৌসুমী সরকার একজন স্কুল শিক্ষিকা। তিনি শহরের একটি স্কুলে শিক্ষকতা করেন। তিনি সারাদিন শিক্ষার্থীদের সান্নিধ্য বেশ উপভোগ করেন। দিনের শেষে তিনি যখন বাড়ি ফিরে আসেন তিনি তার ছেলেকে খাওয়ানো লালন-পালন ও দেখাশোনা করেন। ◀ *শিখনফল-১০*

ক. অর্থনীতিতে সম্পদ কাকে বলে? ১
খ. উৎপত্তির ভিত্তিতে সম্পদ কত প্রকার ও কী কী? ২
গ. উদ্দীপকে বর্ণিত মৌসুমী সরকারের পেশাটি কি অর্থনৈতিক কার্যাবলি? ব্যাখ্যা করো। ৩
ঘ. মৌসুমী সরকারের সন্তানের দেখাশোনা করা এবং স্কুলের শিক্ষার্থীদের দেখাশোনা করার মাঝে কি কোনো পার্থক্য আছে? তোমার মতামত দাও। ৪

**প্রশ্ন ▶ ৭** আব্দুস সাত্তারের শহরে একটি বড় মিষ্টির দোকান আছে। অনেকদিন ধরেই তিনি মিষ্টির ব্যবসার সাথে জড়িত। অনেক দূর পর্যন্ত তার মিষ্টির সুনাম আছে। এজন্য তার ব্যবসা ভালোই চলে। কিন্তু এখন তিনি বৃদ্ধ হয়েছেন ব্যবসা দেখাশুনার কেউ নেই। তাই তিনি ভাবছেন ব্যবসায়ের সুনামের জোরে তিনি সহজে ও বেশি দামে তার দোকান বিক্রি করতে পারবেন। ◀ *শিখনফল-১*

ক. উৎপত্তির দিক থেকে সম্পদ কত প্রকার? ১
খ. সম্পদের বাহ্যিকতার বৈশিষ্ট্যটি ব্যাখ্যা করো। ২
গ. আব্দুস সাত্তারের মিষ্টির দোকান সম্পদের কোন মালিকানায় পড়ে তা উদাহরণ দিয়ে ব্যাখ্যা করো। ৩
ঘ. আব্দুস সাত্তারের ব্যবসায়ের সুনাম সম্পদ কি-না সে বিষয়ে তোমার মতামত দাও। ৪

**প্রশ্ন ▶ ৮** সুজন একজন চটপটি বিক্রেতা প্রতিদিন সন্ধ্যায় চটপটি বিক্রি করে জীবিকা নির্বাহ করে। তার চটপটি বিক্রি করে ভালোই আয় হয়। পরিবারের ব্যায় মিটিয়ে অতিরিক্ত অর্থ ব্যাংকে জমা করেন। এখন তার জমানোর অর্থের পরিমাণ প্রায় ৫০,০০০ টাকা। এ অর্থ দিয়ে তিনি একটি দোকান তৈরি করেন। ◀ *শিখনফল-৯*

ক. বিনিয়োগ কী ? ১
খ. সঞ্চয় বলতে কী বোঝায়? ২
গ. সুজনের দোকানের বিনিয়োগের ধারণাটি পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. সুজনের ব্যক্তিগত সঞ্চয়ের ইচ্ছার উপায়গুলো বিশ্লেষণ করো। ৪

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান: ৩০

**১. চীনামাটি ব্যবহৃত হয় নিচের কোনটি তৈরিতে?**
(ক) বাসনপত্র (খ) সাবান
(গ) রং (ঘ) কাগজ

**২. কোন নদীর তীরে বাংলাদেশের একমাত্র পানি বিদ্যুৎ কেন্দ্র অবস্থিত?**
(ক) যমুনা (খ) পদ্মা
(গ) মেঘনা (ঘ) কর্ণফুলী


**৩. কোথায় খনিজ তেলের সন্ধান পাওয়া গেছে?**
(ক) কৈলাশটিলায় (খ) ফুলবাড়িয়ায়
(গ) হরিপুরে (ঘ) বড় পুকুরিয়ায়

**৪. আমেরিকায় মোট আয়তনের কতভাগ বনভূমি?**
(ক) ১৭ (খ) ২৫
(গ) ৩৩.৮৪ (ঘ) ৬৩

**৫. বার্মায় (মিয়ানমার) বনভূমির পরিমাণ মোট ভূখণ্ডের কত ভাগ?**
(ক) ২৫ (খ) ৩৪
(গ) ৬০ (ঘ) ৬৩

**৬. নিচের কোনটি তৈরিতে চুনাপাথর ব্যবহৃত হয়?**
(ক) কাচ (খ) রাস্তাঘাট
(গ) প্লাস্টিক (ঘ) রবার

**নিচের চিত্রটি লক্ষ কর এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**




**৭. উপরের চিত্রে CD রেখাটির নাম কী?**
(ক) প্রান্তিক উৎপাদন রেখা
(খ) সম-উৎপাদন রেখা
(গ) উৎপাদন সম্ভাবনা রেখা
(ঘ) প্রান্তিক উপযোগ রেখা

**৮. উক্ত CD রেখা যা নির্দেশ করে, তা হলো—**
i. দুটি দ্রব্যের বিভিন্ন সংমিশ্রণ
ii. সুযোগ ব্যয় iii. ভোক্তার উপযোগ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৯. কাচ তৈরিতে কাঁচামালরূপে ব্যবহৃত হয়—**
i. সিলিকা বালু
ii. প্রাকৃতিক গ্যাস
iii. চুনাপাথর
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১০. নিচের কোনটি মূল্যবান বৃক্ষ?**
(ক) শিমুল (খ) গরান
(গ) চম্পা (ঘ) বেত

**১১. পত্নীতলা কোন জেলায় অবস্থিত?**
(ক) ময়মনসিংহ (খ) রাজশাহী
(গ) নওগাঁ (ঘ) জয়পুরহাট

**১২. সিলিকা বালু ব্যবহৃত হয়—**
i. কাচ তৈরিতে
ii. রাস্তা, রেলপথ ও বাঁধ নির্মাণে
iii. রাসায়নিক দ্রব্য কিংবা রং তৈরিতে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৩. মধুপুর ও ভাওয়ালের বনভূমির আয়তন কত?**
(ক) ১,১৬৪ বর্গ কি. (খ) ১,০৬৪ বর্গ কি.
(গ) ১,২৬৪ বর্গ কি. (ঘ) ১,৩৬৪ বর্গ কিমি.

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**
কমল দক্ষ শ্রমিক। তিনি তার শারীরিক যোগ্যতা অনুসারে কাজ করে ভালো আয় করেন। তার মতো শ্রমিক উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে।

**১৪. কমলের যোগ্যতা কোন ধরনের সম্পদ?**
(ক) ব্যক্তিগত (খ) মানবিক সম্পদ
(গ) প্রাকৃতিক সম্পদ (ঘ) সমষ্টিগত সম্পদ

**১৫. এ ধরনের সম্পদ কোনো বৈশিষ্ট্য থাকে না—**
i. হস্তান্তরযোগ্যতা
ii. অপ্রাচুর্যতা iii. বাহ্যিকতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৬. অবাধলভ্য দ্রব্য হলো–**
i. নদীর পানি
ii. মরুভূমির বালি
iii. ওয়াসার পানি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৭. দিনাজপুর রংপুরের বনভূমির আয়তন কত?**
(ক) ৩৯ বর্গ কিমি. (খ) ৩৯০ বর্গ কিমি.
(গ) ১০৪০ বর্গ কিমি. (ঘ) ১১৪০ বর্গ কিমি.

**১৮. মধুপুর ও ভাওয়াল গড় বনভূমি কয়টি জেলার এলাকা জুড়ে বিস্তৃত?**
(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি (ঘ) ৫টি

**১৯. খনিজ তেল সন্ধানের কাজ চলছে—**
i. চট্টগ্রামে
ii. হরিপুর iii. সিলেটে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২০. আলো, বাতাস, নদীর পানি ইত্যাদি হলো—**
i. অবাধলভ্য দ্রব্য
ii. অর্থনৈতিক দ্রব্য
iii. মুক্ত দ্রব্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২১. কোন দ্বীপে গন্ধক পাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে?**
(ক) সেন্টমার্টিন দ্বীপ (খ) নিঝুম দ্বীপ
(গ) কুতুবদিয়া দ্বীপ (ঘ) মনপুরা দ্বীপ

**২২. আমিনা বেগম এর মাসিক আয় ৩৫,০০০ টাকা। সে সারা মাসে তার সংসারে ৩২,০০০ টাকা খরচ করে। তাহলে তার বাৎসরিক সঞ্চয় কত টাকা?**
(ক) ৩২ হাজার (খ) ৩৬ হাজার
(গ) ৪০ হাজার (ঘ) ৪৪ হাজার

**২৩. বাংলাদেশের কত ভাগ লোক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির ওপর নির্ভরশীল?**
(ক) ৪৮% (খ) ৫৫%
(গ) ৬৩% (ঘ) ৮০%

**২৪. কোনটি সম্পদের বৈশিষ্ট্য নয়?**
(ক) প্রাচুর্যতা (খ) উপযোগ
(গ) বাহ্যিকতা (ঘ) অপ্রাচুর্যতা

**২৫. বেলাবো গ্যাসক্ষেত্রটি কোন জেলায় অবস্থিত?**
(ক) নরসিংদী (খ) সিলেট
(গ) মৌলভীবাজার (ঘ) কুমিল্লা

**২৬. নদীর পানি কোন প্রকার দ্রব্য?**
(ক) অবাধলভ্য (খ) অস্থায়ী
(গ) ভোগ্য (ঘ) মধ্যবর্তী

**২৭. মাধ্যমিক দ্রব্য ও সেবা কী?**
(ক) মধ্যবর্তী দ্রব্যের মূল্য ও সেবা
(খ) ভোগের উপযোগী হয়নি এমন দ্রব্য ও সেবা
(গ) স্বল্পমূল্যের দ্রব্য ও সেবা
(ঘ) মূল্যহীন দ্রব্য ও সেবা

**২৮. নিচের কোনটি বস্তুগত সম্পদ?**
(ক) ডাক্তারের সেবা (খ) ঘরবাড়ি
(গ) শিক্ষকের পাঠদান (ঘ) বিকল্প দ্রব্য

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
গাজীপুরে রেজা সাহেবের একটি বৃহৎ বাগানবাড়ি আছে। সেখানে তিনি শাল, গজারি, বনজাম, কড়ইসহ নানা প্রজাতির গাছ লাগিয়েছেন। তিনি মাঝে মাঝে সপরিবারে তার বাগানবাড়িতে বেড়াতে যান। তার ছোট্ট ছেলে লিমন বাগানবাড়ি ঘুরে খুব আনন্দিত হয়।

**২৯. রেজা সাহেবের বাগানটি কোন সম্পদের অন্তর্ভুক্ত?**
(ক) বনজ (খ) খনিজ
(গ) কৃষি (ঘ) প্রাণিজ

**৩০. আর্থ-সামাজিক অগ্রগতিতে উক্ত সম্পদের গুরুত্বপূর্ণ অবদান হচ্ছে—**
i. পশুপাখির আবাসস্থল হিসেবে
ii. শিল্পের কাঁচামালের যোগান দিয়ে
iii. প্রকৃতির ভারসাম্য রক্ষার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক ?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.** ▶ রাহেলার একটি বুটিক শপ আছে। এর থেকে তাঁর মাসিক আয় ৩০,০০০ টাকা। তিনি পরিবারের ভরণপোষণ, সন্তানের শিক্ষা ব্যয় বাদে বাকি টাকা সঞ্চয় করেন। সঞ্চয়ের অর্থ থেকে এ বছর তিনি আরো ২টি সেলাই মেশিন ক্রয় করেন এবং কয়েকজন শ্রমিক নিয়োগ দেন।

ক. সম্পদ কী? ১
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. রাহেলার নতুন সেলাই মেশিন ক্রয়কে অর্থনীতিতে কী বলে? এ ধরনের কর্মকাণ্ড অর্থনৈতিক সমৃদ্ধি আনে, ব্যাখ্যা করো। ৩
ঘ. রাহেলার ব্যবসায়িক গুণাবলি কি সম্পদ? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**২.** ▶ নাবিলের সম্পদ সম্পর্কে স্বচ্ছ ধারণার অভাব ছিল। সে ভাবত শুধুমাত্র ধনসম্পত্তি, জমি ইত্যাদি হলো সম্পদের অন্তর্ভুক্ত। কিন্তু বর্তমানে সম্পদ সম্পর্কে তার ধারণা স্বচ্ছ হয়েছে। আগে সে ভাবত শুধুমাত্র বস্তুগত দ্রব্যসামগ্রী সম্পদের অন্তর্ভুক্ত। কিন্তু অবস্তুগত দ্রব্যসামগ্রীও যে সম্পদের অন্তর্ভুক্ত তা সে জানত না। বর্তমানে তার এ ভ্রান্ত ধারণার পরিবর্তন এসেছে।

ক. তাপ বিদ্যুৎ কাকে বলে? ১
খ. বাংলাদেশের প্রাণিজ সম্পদের বর্ণনা দাও। ২
গ. নাবিলের পূর্বের ধারণার আলোকে সম্পদ বিবেচনা করতে হলে সম্পদের কোন ধরনের বৈশিষ্ট্য থাকা অত্যাবশ্যক? ৩
ঘ. নাবিলের বর্তমান ধারণার আলোকে মালিকানার ভিত্তিতে সম্পদের শ্রেণিবিভাগ বিশ্লেষণ করো। ৪

**৩.** ▶ চুনাপাথর, কয়লা, আদমজী পাটকল, রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য প্রতিভা, বনভূমি, তিতাস নদী, বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, যমুনা সেতু, খেলোয়াড়ের শারীরিক যোগ্যতা।

ক. বিনিয়োগের সংজ্ঞা দাও। ১
খ. অবাধলভ্য ও অর্থনৈতিক দ্রব্যের মধ্যে পার্থক্য নির্দেশ করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সম্পদগুলোর উৎপত্তির ভিত্তিতে শ্রেণিবিভাগ করো। ৩
ঘ. উদ্দীপকের সম্পদগুলোর মধ্যে অর্থনীতির ভাষায় কোনগুলো সম্পদ এবং কোনগুলো সম্পদ নয় তা যুক্তি সহকারে উপস্থাপন করো। ৪

**৪.** ▶ মামুন শহরের একটি বিদ্যালয়ে লেখাপড়া করে। বিকেলে সহপাঠীদের সাথে খেলাধুলা করে। তার বাবা জীবিকা নির্বাহের জন্য একটি কারখানায় চাকরি করে। বাসায় মামুনের মাকে সহযোগিতার জন্য রয়েছে একজন কাজের মহিলা। মামুনের শহরে আরও নানা পেশার লোক রয়েছে। কিন্তু তার মন খারাপ হয়ে যায় যখন সে শুনে তার মায়ের হাত থেকে ছিনতাইকারী মোবাইল নিয়ে যায়।

ক. অর্থনৈতিক কার্যাবলি কী? ১
খ. অর্থনৈতিক ও অ-অর্থনৈতিক কার্যাবলির মধ্যে পার্থক্য নির্ণয় করো। ২
গ. উদ্দীপকে মামুনের মায়ের মোবাইল ছিনতাই কোন ধরনের কাজ তা ব্যাখ্যা করো। ৩
ঘ. ডাক্তারের সেবা কিংবা পিতা-মাতা কর্তৃক সন্তান লালনপালন এ দুয়ের মধ্যে কি কোনো মিল রয়েছে? বর্ণনা করো। ৪

**৫.** ▶ রাসেল একজন চা বিক্রেতা। সে বাজারে প্রতিদিন চা বিক্রয় করে জীবিকা নির্বাহ করে। সন্তানেরা প্রতিদিন টিভি দেখার জন্য পাশের বাড়িতে যায়। এতে তার মন খারাপ হয়। নির্বাচনের কারণে গত কয়েক দিন ভালো চা বিক্রয় হওয়ায় সন্তানেরা টিভির জন্য বায়না ধরে। সে একটি টিভি ক্রয় করে।

ক. প্রাকৃতিক সম্পদ কী? ১
খ. হস্তান্তরযোগ্যতা বলতে কী বোঝায়? ২
গ. প্রথমদিকে রাসেল টিভি ক্রয় করতে সক্ষম হয়নি কেন? অর্থনীতির ভাষায় তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ক্রয়কৃত টিভিটি কি অর্থনীতিতে সম্পদ? যুক্তিসহ উপস্থাপন করো। ৪

**৬.** ▶ জনাব মতিনের একটি ফ্যাশন হাউস আছে। এখান থেকে প্রতি মাসে মুনাফা হয় ২০,০০০ টাকা। আর পনের হাজার টাকা তিনি পরিবারের কাজে ব্যয় করেন। দুই হাজার টাকা দুর্দিনের জন্য সঞ্চয় করেন এবং তিন হাজার টাকা তার ব্যবসায় অতিরিক্ত মূলধন হিসেবে খরচ করেন।

ক. মূলধন কী? ১
খ. মূলধন কীভাবে গঠিত হয় ব্যাখ্যা করো। ২
গ. জনাব মতিন মূলধন গঠনে কীভাবে অর্থনৈতিক জ্ঞান প্রয়োগ করেন- ব্যাখ্যা করো। ৩
ঘ. মূলধন গঠন জনাব মতিনের ব্যবসায় উন্নয়নের পাশাপাশি একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে সাহায্য করছে। আলোচনা করো। ৪

**৭.** ▶ মাহদী দশম শ্রেণিতে পড়ে। সে প্রায়ই বিভিন্ন ফুলের চারা কিনে। তার একটি বাগানও আছে। গত মাসে তার একটি দামি পোশাক পছন্দ হয়। ফলে ফুল গাছ কেনা বাবদ জমানো ৪,০০০ টাকা দিয়ে সে দামি পোশাকটি কেনে। ফলে তার ফুলগাছ কেনার আশা ত্যাগ করতে হয়।

ক. কৃষি সম্পদ কী? ১
খ. ব্যবসায়ের সুনামকে সম্পদ বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. মাহদীর ফুলের গাছ কেনার পরিবর্তে দামি পোশাক কেনার ধারণাটি চিত্রসহ ব্যাখ্যা করো। ৩
ঘ. "মাহদীকে ফুলের গাছ কেনার সুযোগ ত্যাগ করতে হলো"— উক্তিটির সাথে কোন ধারণাটি যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

**৮.** ▶ আরিফা একজন ছাত্রী। সে প্রায়ই গল্পের বই কিনে থাকে। কিন্তু গত মাসে দোকানে গিয়ে নতুন একটি মোবাইল ফোন পছন্দ হওয়ায় সে গল্পের বই কেনা বাবদ ৫০০ টাকা দিয়ে মোবাইল ফোন কিনেছে। ফলে, তার গল্পের বই কেনার ও পড়ার সুযোগ ত্যাগ করতে হলো।

ক. বাংলাদেশে পানির উৎস প্রধানত কয়টি? ১
খ. সঞ্চয় কী? ২
গ. আরিফার বই কেনার পরিবর্তে মোবাইল ফোন কেনার ধারণাটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত সুযোগ ব্যয়ের সাথে বাস্তব জীবনের কোন সম্পর্ক আছে কি? থাকলে তোমার নিজস্ব দৃষ্টিকোণ থেকে আলোচনা করো। ৪

**৯.** ▶ দশম শ্রেণির অর্থনীতির শিক্ষক বললেন, আজ সম্পদ নিয়ে আলোচনা করব। একজন শিক্ষার্থী বলল, অমাদের চারপাশে যেসব ঘরবাড়ি, জায়গা জমি দেখা যায়, তাই সম্পদ। শিক্ষক বললেন, বস্তুগত বা অবস্তুগত সবই সম্পদ হতে পারে, তবে সেই সম্পদের চারটি বৈশিষ্ট্য থাকা আবশ্যক।

ক. অর্থনৈতিক দ্রব্য কাকে বলে? ১
খ. উৎপাদিত সম্পদ বলতে কী বোঝায়? ২
গ. বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিভাকে অর্থনীতির ভাষায় সম্পদ কেন বলা যাবে না? ৩
ঘ. উৎপত্তির দিক থেকে সম্পদের শ্রেণিবিভাগ উল্লেখপূর্বক শিক্ষার্থীর সম্পদের উদাহরণের সাথে সমন্বয় করো। ৪

**১০.** ▶ আশফাক সাহেবের একটি ছোট মুরগির খামার আছে। তার এ মুরগির খামার থেকে ভালোই আয় হয়। তিনি পরিবারের ব্যয় মিটিয়ে অতিরিক্ত আয়ের একটি অংশ ব্যাংকে জমা করেন। এখন তার জমাকৃত আয়ের পরিমাণ প্রায় **১** লক্ষ টাকা। এই টাকা দিয়ে তিনি পাশে একটি লেয়ার ফার্ম গড়ে তুললেন।

ক. আয় কী? ১
খ. বিনিয়োগ বলতে কী বোঝ? ২
গ. আশফাক সাহেবের সঞ্চয় ও বিনিয়োগের মধ্যে বিশেষ বৈসাদৃশ্যগুলো নির্দেশ করো। ৩
ঘ. আশফাক সাহেবের ব্যক্তিগত সঞ্চয়ের ইচ্ছার উপায়গুলো বিশ্লেষণ করো। ৪

**১১.** ▶ 'ক' এর বাবা তিতাস গ্যাস কোম্পানিতে কর্মরত, অপরদিকে 'খ' এর বাবা বন কর্মকর্তা। তিনি বহুদিন গাজীপুর জেলায় কর্মরত আছেন।

ক. উপযোগ কী? ১
খ. বিনিয়োগ বলতে কী বোঝায়? ২
গ. 'খ' এর বাবা যে বিভাগে কাজ করেন এদেশের অর্থনীতিতে তার অবদান ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কোন সম্পদের অবদান এদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে - বিশ্লেষণ কর। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | গ | ১০ | খ | ১১ | গ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |